

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নম্বর : ৮০.০০.০০০০.১০৬.১১.০৪৯.২২-৯৪

তারিখ: ১১ চৈত্র ১৪৩০
২৫ মার্চ ২০২৩

বিষয়: স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের অধীন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের “স্টাফ অফিসার” (১২ তম গ্রেড) পদে বাছাই (MCQ Type) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ ও সময়সূচি।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের অধীন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের “স্টাফ অফিসার” (১২ তম গ্রেড) পদে বাছাই (MCQ Type) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ, সময়সূচি, কেন্দ্র, আসন বিন্যাস এবং নির্দেশাবলি নিম্নরূপ:

ক্রমিক নং	পদের নাম, বিজ্ঞপ্তির নম্বর ও তারিখ	লিখিত পরীক্ষার তারিখ ও সময়	পরীক্ষার কেন্দ্র	প্রার্থী সংখ্যা
১.	স্টাফ অফিসার (গ্রেড-১২) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের অধীন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর। (বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ: ২৯.১১.২০২২ ও বিজ্ঞপ্তি নং-৬৯)	৩০.০৪.২০২৪ (মঙ্গলবার) বেলা ১১:৩০ টা থেকে বিকাল ০৩:৩০ টা পর্যন্ত	বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।	১৮২ জন

পরীক্ষার্থীদের জন্য লিখিত পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলি:

- ১.০ কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে ডাউনলোডকৃত প্রবেশপত্রসহ অনলাইনে আবেদনকারী প্রার্থীদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। প্রার্থীদের অনুকূলে নতুন করে কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না।
- ২.০ কোনো প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে বা বিনষ্ট হলে কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে ডাউনলোড করা যাবে। **প্রবেশপত্র ব্যতীত কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।**
- ৩.০ মোবাইল ফোন, কোনো ধরনের ইলেকট্রনিক্স যোগাযোগ যন্ত্র, ডেবিট/ক্রেডিট কার্ড বা ব্যাংক কার্ড সদৃশ কোনো কিছু, হাতঘড়ি, বই, অর্নামেন্টস, ব্যাগসহ কোনো পরীক্ষার্থী পরীক্ষা হলে প্রবেশ করতে পারবে না। পরীক্ষার হলের গেটে পুলিশ এর উপস্থিতিতে উল্লিখিত দ্রব্যাদি এবং প্রবেশপত্র পরীক্ষা করে প্রার্থীদের হলে প্রবেশের অনুমতি দেয়া হবে। পরীক্ষা কক্ষে কোনো পরীক্ষার্থীর কাছে মোবাইল ফোন, কোনো ধরনের যোগাযোগ যন্ত্র বা হাতঘড়ি পাওয়া গেলে উক্ত প্রার্থীকে বহিষ্কারপূর্বক তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত সকল নিয়োগ পরীক্ষার জন্য তাকে অযোগ্য ঘোষণা করা হবে।
- ৪.০ পরীক্ষার নির্ধারিত সময়ের কমপক্ষে ১৫ মিনিট আগে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোনো প্রার্থীকে পরীক্ষাকক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ২ ঘণ্টার মধ্যে কোনো প্রার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবে না।

ক্রমশ/২

- ৫.০ প্রার্থীদের বাংলা-৫০ নম্বর, ইংরেজি-৫০ নম্বর, সাধারণ জ্ঞান (বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি)-৪০ নম্বর এবং গণিত ও মানসিক দক্ষতা-৬০ নম্বরসহ সর্বমোট ২০০ নম্বরের ৪ ঘণ্টার লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষায় সাইন্টিফিক/প্রোগ্রামেবল ক্যালকুলেটর ব্যবহার করা নিষিদ্ধ। তবে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে।
- ৬.০ পরীক্ষার্থীদের একই সাথে ০৪ টি বিষয়ের জন্য ০৪ টি উত্তরপত্র প্রদান করা হবে। প্রার্থীদের বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান এবং প্রাসঙ্গিক টেকনিক্যাল/প্রফেশনাল বিষয়ের উত্তর প্রদানের জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করতে হবে। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৭.০ হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে প্রার্থীর স্বাক্ষর একই হতে হবে।
- ৮.০ কোনো প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে-কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।
- ৯.০ বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd এ পাওয়া যাবে।
 - পড়াশোনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।
 - চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীদের অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

(স্বাক্ষর) ২০.৩.২০১৪

(আবদুল্লাহ আল মামুন)

পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)

ফোন: ৫৫০০৬৬৫৫

ই-মেইল: e_ncc@bpsc.gov.bd